

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৭৩

৩০/ সৎ गुतरात ও সম্পর্ক तका (إلله عن رسول الله عن الله عن رسول الله عن الله عن

পরিচ্ছেদঃ যিয়াফত এবং যিয়াফতের শেষ সীমা কয় দিন?

باب مَا جَاءَ فِي الضِيّافَةِ وَغَايَةِ الضِيّافَةِ كَمْ هُوَ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ سَعِيد بْنِ أَبِي سَعِيد الْمَقْبُرِيِّ، عَنْ أَبِي شُريَّ الْعَدَوِيِّ، أَنَّهُ قَالَ أَبْصَرَتْ عَيْنَاى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَسَمِعَتْهُ أُذُنَاى حِينَ تَكَلَّمَ بِهِ قَالَ " مَنْ كَانَ يُوْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ جَائِزَتَهُ ". قَالُوا وَمَا جَائِزَتُهُ قَالَ " يَوْمٌ وَلَيْلَةٌ وَالضِيّافَةُ ثَلَاثَةُ أَيَّامٍ وَمَا كَانَ بَعْدَ ذَلِكَ فَهُوَ صَدَقَةٌ وَمَنْ كَانَ يَوْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ فَلْيَقُلْ خَيْرًا أَوْ لِيَسْكُت ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنُ صَحِيحٌ.

বাংলা

১৯৭৩। কুতায়বা (রহঃ) ... আবূ শুরায়হ আদবী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন এই কথা বলেছিলেন তখন আমার দু'চোখ তাকে দর্শন করেছে এবং আমার দু'কান তাকে কথা বলতে শুনেছে। তিনি বলেছিলেনঃ যে ব্যক্তি আল্লাহ এবং শেষ দিনের প্রতি ঈমান রাখে সে যেন তার মেহমানকে সম্মান প্রদর্শন করে তাকে ''জাইযা'' দেয়। সাহাবীগণ জিজ্ঞাসা করলেন জাইয়া কি? তিনি বললেন, এক দিন ও এক রাতের সম্বল সঙ্গে দিয়ে দেওয়া। তিনি আরো বললেনঃ মেহমানদারীর সীমা হল তিন দিন। এর অতিরিক্ত যা হবে তা হল সাদাকা স্বরূপ। যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখে সে যেন ভাল কথা বলে অথবা চুপ থাকে। সহীহ, ইবনু মাজাহ ৩৬৭৫, বুখারী ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৬৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান সহীহ।

English

Abu Shuraih Al-'Adawf said:

"My eyes saw the Messenger of Allah, and my ears heard him speaking when



he was speaking and he said: 'Whoever believes in Allah and the Last Day, then let him honor his guest with his reward.' They said: 'What is the reward?' He said: 'A day and a night.' He said: 'And hospitality is for three days, whatever is beyond that is charity. And whoever believes in Allah and the Last Day, then let him say what is good or keep silent."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ শুরায়হ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন